



**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**6 OCTOBER 2024**

**7:35 AM IST**

=====

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন যে সমগ্র রাজ্যে আজ থেকে নিযুত মইনা প্রকল্পের অর্থ বিতরণ প্রক্রিয়া শুরু হবে। রাজ্যের প্রতিটি বিধানসভা কেন্দ্রে অনুষ্ঠেয় পৃথক পৃথক সভায় নিযুত মইনা প্রকল্পের সূচনা করা হবে বলে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানিয়েছেন। মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা খানাপাড়ার পশ্চিমিসা মহাবিদ্যালয়ের খেলার মাঠে আজ নিযুত মইনা প্রকল্পের কেন্দ্রীয় অনুষ্ঠানের সূচনা করবেন। আগামী নভেম্বর মাস পর্যন্ত ছাত্রীরা ব্যাঙ্ক একাউন্টে সরাসরি এই প্রকল্পের অর্থ লাভ করবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন। নিযুত মইনা প্রকল্প হচ্ছে বাল্য বিবাহের মত সামাজিক ব্যাধি প্রতিরোধের উদ্দেশ্যে রাজ্য সরকারের গ্রহণ করা একটি অন্যতম পদক্ষেপ। এই প্রকল্পের মাধ্যমে আগামী ৩ বছরে ১০ লক্ষ ছাত্রীকে অর্তভুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। চলতি বছরে এই প্রকল্প বাস্তবায়িত করার লক্ষ্যে রাজ্য সরকার প্রায় ২শো ৪০ কোটি টাকা ব্যায় করবে। নিযুত মইনা প্রকল্পের অধীনে একাদশ শ্রেণীতে নাম ভর্তি করা প্রতিজন ছাত্রী মাসে ১ হাজার টাকা করে ১০ মাসের জন্য মোট ১০ হাজার টাকা লাভ করবে। একই ভাবে স্নাতক প্রথম বর্ষে নাম ভর্তি করা প্রতিজন ছাত্রীকেও রাজ্য সরকার ১০ মাসের জন্য প্রতি মাসে ১ হাজার ২শো ৫০ টাকা করে প্রদান করবে। স্নাকোত্তর পাঠ্যক্রম তথা বি-এড এ নাম ভর্তি করা

প্রতিজন ছাত্রীকে এই প্রকল্পের অধীনে ১০ মাসের জন্য প্রতি মাসে ২ হাজার টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হবে ।

---

করিমগঞ্জ জেলায় আজ নিযুত ময়না প্রকল্পের চেক বিতরণ করা হবে । আজ সকাল ১১ টায় করিমগঞ্জ জেলা গ্রন্থাগার ভবনে আয়োজিত অনুষ্ঠানে ছাত্রীদের হাতে এই প্রকল্পের চেক তুলে দেওয়া হবে । অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা উপস্থিত থাকবেন ।

---

জাতীয় তদন্তকারী সংস্থা , এন আই এ ,রাজ্যের বিভিন্ন অঞ্চলে অভিযান চালিয়ে উগ্রপন্থী কার্য্যকলাপের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে জিইশ -ই মোম্বদের ৯ জনকে গ্রেপ্তার করেছে । ঘটনাটির তদন্ত শুরু হয়েছে ।

---

ভারত আন্তর্জাতিক বিজ্ঞান মহোৎসব আগামী ৩০ নভেম্বর থেকে তেসরা ডিসেম্বর পর্যন্ত গুয়াহাটিতে অনুষ্ঠিত হবে । বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রক , পৃথিবী বিজ্ঞান মন্ত্রক এবং বিজ্ঞান ভারতীর সহযোগিতায় এই মহোৎসবের আয়োজন করা হচ্ছে । এই বিজ্ঞান মহোৎসবের উদ্দেশ্য হচ্ছে - বৈজ্ঞানিক ধারণার প্রচার , প্রসার , সাফল্যকে স্বিকৃতি প্রদান এবং ভারতীয় জনসাধারণের মধ্যে বৈজ্ঞানিক চেতনতা বৃদ্ধি করা । এ উপলক্ষ্যে আয়োজিত একটি সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং জানান

যে বিজ্ঞান মহোৎসবে জাতীয় এবং আন্তর্জাতিক বিশেষজ্ঞদের আলোচনা  
সভা , প্রদর্শনী , প্রতিযোগিতা, কর্মশালা, জ্ঞান বিনিময় কার্যসূচি, প্রযুক্তি  
প্রদর্শনী সহ বিভিন্ন কার্যসূচি থাকবে ।

---

হাইলাকান্দি জেলায় আসন্ন খারিফ মরশ্মে সাত হাজার মেট্রিক টন ধান  
সংগ্রহ করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে । গত শুক্রবার হাইলাকান্দিতে  
অনুষ্ঠিত অক্টোবর মাসের জেলা উন্নয়ন কমিটির এক সভায় এই তথ্য  
জানানো হয় । জেলা আয়ুক্ত নিসর্গ হিভার গৌতমের পৌরহিতে  
আয়োজিত সভায় ধান সংগ্রহ করা সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনা  
বৃদ্ধি করার জন্য কৃষি বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে । সভায় আরো  
জানানো হয় যে আগামী ৮ই নভেম্বর লালা বাজারের এফ-সি-আই কেন্দ্রের  
পাশাপাশি বোয়ালিপার এবং কাটলিছড়ায়ও ধানক্রয় কেন্দ্র খোলা হবে ।

সভায় বিদ্যালয় পরিদর্শককে প্রতিমাসে কর্মকরে ১৫টি শিক্ষা প্রতিষ্ঠান  
পরিদর্শন করে প্রশাসনের কাছে প্রতিবেদন জমা দেবার নির্দেশ দেওয়া  
হয়েছে ।

---

গুয়াহাটীর আঞ্চলিক আবহাওয়া বিজ্ঞান কেন্দ্র জানিয়েছে যে রাজ্য  
আগামী পাঁচ দিন গুয়াহাটী সহ রাজ্যের বিভিন্ন অঞ্চলে বৃষ্টি হওয়ার  
সম্ভাবনা রয়েছে । বিভাগ আরো জানিয়েছে যে ওই সময় রাজ্যের কিছু  
কিছু স্থানে হালকা থেকে ভারী বৃষ্টিপাত এবং কিছু কিছু স্থানে বজ্রবিদ্যুৎ সহ  
প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।

---

করিমগঞ্জ জেলার খাদ্য , গণবন্টন ও গ্রাহক সুরক্ষা বিষয়ক বিভাগ থেকে  
এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় অক্ষোবর মাসের জাতীয় খাদ্য  
সুরক্ষা যোজনার অধীনে প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার বিনামূল্যের  
চাল বরাদ্দ করা হয়েছে । এই চাল অক্ষোদ্যয় অন্ন যোজনায় রেশন কার্ড  
পিছু ৩৫ কিলোগ্রাম করে এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা  
পিছু ৫ কিলোগ্রাম করে বিনামূল্যে বিতরন করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---

পয়লাপুরের জওহর নবোদয় বিদ্যালয় সমিতি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে যে  
নবম ও একাদশ শ্রেণীতে ভর্তির জন্য যোগ্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে শূন্য  
আসনের বিপরীতে লাট্যারল এন্ট্রি টেক্সের মাধ্যমে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের  
জন্য অন-লাইন আবেদন পত্র আহ্বান করা হয়েছে । আবেদন করার শেষ  
তারিখ হচ্ছে আগামী ৩০শে অক্ষোবর । বিস্তারিত বিবরণের জন্য বিদ্যালয়  
কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---